যায়যায়দিন

তারিখ 8 FEB 2009
পৃষ্ঠা ১৬ কলাম ১

# সব শিশুর জন্য শিক্ষার সুযোগ নিশ্চিত করতে হবে : শিক্ষামন্ত্রী

যাযাদি রিপোর্ট

শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ বলেছেন, সরকারের ভিশন ২০২১ বাস্তবায়ন করতে হলে প্রথমেই সব শিশুর জন্য শিক্ষার সুযোগ নিশ্চিত করতে হবে। আর এ লক্ষ্যেই ২০১১ সালের মধ্যেই দেশের সব শিশুকে প্রাইমারি স্কুলে ভর্তি এবং পঞ্চম শ্রেণী শেষ হওয়ার আগে ঝরে পড়া রোধে ব্যবস্থা নেবে সরকার। শিক্ষার বৈষম্য দূর করতে প্রাথমিক স্তরে একমুখী শিক্ষা ব্যবস্থা চালুর উদ্যোগও নিয়েছে সরকার। এক আলোচনা সভায় শিক্ষামন্ত্রী এসব কথা বলেন।

গতকাল জাতীয় প্রেসক্লাবে 'ভিশন ২০২১ বাস্তবায়নে তরুণ প্রজন্মের ভূমিকা' শীর্ষক এ আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন শিক্ষামন্ত্রী। সম্মিলিত পৃ ১৫ » কা ৫

## সব শিশুর জন্য শিক্ষার সুযোগ

(শেষ পৃষ্ঠার পর)

তরুণ পেশাজীবী সমন্বয় পরিষদের সভাপতি ব্যারিস্টার জাকির হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত এ আলোচনা সভার উদ্বোধন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিক। বক্তব্য রাখেন দৈনিক ভোরের কাগজের সম্পাদক শ্যামল দত্ত, যশোর-১ আসনের সরকারদলীয় সংসদ সদস্য আফিলউদ্দিন, প্রবাসী ব্যবসায়ী আবু তালেব প্রমুখ।

ফোকাস বাংলা

নাহিদ বলেন, আমরা ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে বিশ্বের দরবারে একটি আধুনিক, সুখী, সমৃদ্ধ ও বিশ্বমানের দেশ হিসেবে প্রতিষ্ঠিত করতে চাই। আর তা বাস্তবায়নে তরুণ প্রজন্মই রাখতে পারে সবচেয়ে বেশি অবদান। এ জন্য দেশের সব মানুষকে কাজ করতে হবে সম্মিলিতভাবে। প্রয়োজন একটি গণজাগরণের।

গত এক মাসের কাজের অভিজ্ঞতার আলোকে তিনি বলেন, বর্তমান গতিতে সরকার চললে ভিশন ২০২১ বাস্তবায়ন সম্ভব নয়। এ জন্য গণজাগরণ সৃষ্টি করতে হবে। ২০২১ সাল খুব বেশি দূরে নয়।

উদ্বোধনী বক্তৃতায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, ৭ মার্চ বঙ্গবন্ধু বলেছিলেন 'এবারের সংগ্রাম মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম।' আমরা স্বাধীনতা পেলেও মুক্তি পাইনি। এবারের ভিশন ২০২১ বাস্তবায়নের মাধ্যমে সে মুক্তি আসতে পারে।